দৈনিক খবর

তারিখ 25 OCT 1991
পৃষ্ঠা ১ কলাম ২

৭১

## প্রেসনোট

গতকাল স্বরাষ্ট্র মন্ত্রণালয় থেকে প্রেরিত এক প্রেসনোটে বলা হয়, বিগত ২৩-১০-৯১ তারিখে দিবাগত রাত ২-৩০ মিনিটে চট্টগ্রাম উত্তর জেলা ছাত্রলীগের সম্পাদক দেবাশীষের নেতৃত্বে ৮০/৯০ জন ছাত্রলীগ কর্মী রাউজানে অবস্থিত বাংলাদেশ ইনস্টিটিউট অব টেকনোলজীতে

শেষ পৃষ্ঠায় ৫ম কলামে

## প্রেসনোট

প্রথম পৃষ্ঠার পর

(বিটিআই) ছাত্রদলের উপর আক্রমণ চালায় এবং এলোপাতাড়ি গুলীবর্ষণ ও বোমা নিক্ষেপ করে। স্থানীয় প্রশাসন ও পুলিশ গোপন সূত্রে পূর্ব হতেই খবরপ্রাপ্ত হয়ে আক্রমণ মোকাবেলার জন্য প্রস্তুতি গ্রহণ করে। ঘটনাকালে পুলিশ পাঁচ রাউন্ড ফাঁকা গুলীবর্ষণ করে এবং ছাত্রলীগ নেতা দেবাশীষসহ সাতজনকে গ্রেফতার করে। গ্রেফতারকৃত ছাত্রদের মধ্যে তিনজন বিআইটি-এর ছাত্র এবং বাকী চারজন বহিরাগত। গ্রেফতারকৃত ব্যক্তিদের নিকট হতে দু'টি পাইপগান, একটি চাইনিজ কুড়াল এবং কিছুসংখ্যক গুলী উদ্ধার করা হয়। এ ব্যাপারে রাউজান থানায় একটি মামলা দায়ের করা হয়েছে। ২৪-১০-৯১ তারিখ অপরাহ্ন ২-০০টায় বিআইটি-এর পরিচালকের নেতৃত্বে শিক্ষক এবং কর্মচারীদের একটি প্রতিনিধিদল বিভাগীয় কমিশনারের সাথে সাক্ষাৎ করেন এবং শিক্ষাঙ্গন সন্ত্রাসমুক্ত রাখার দাবী জানান।

বিভাগীয় কমিশনার সন্ত্রাস দমনে সরকারের দৃঢ় সংকল্পের কথা ব্যক্ত করে ক্যাম্পাসে সন্ত্রাস দমনের জন্য সর্বাত্মক প্রশাসনিক প্রচেষ্টার আশ্বাস প্রদান করেন। বিভাগীয় কমিশনার শিক্ষকমন্ডলীকে ক্যাম্পাসে সন্ত্রাস উৎসাহ ও প্রশ্রয় না দেয়ার জন্যও আহবান জানান।

সরকার আশা পোষণ করে যে, শিক্ষাঙ্গনে সন্ত্রাস প্রতিরোধে সর্বস্তরের জনসাধারণ সরকারকে প্রয়োজনীয় সকল প্রকার সাহায্য ও সহযোগিতা প্রদান করবেন।